

সিনেট অভিভাষণে ভিসি
টাংবিংকে গৌরবের সর্বোচ্চ
শিখরে অধিষ্ঠিত করতে হবে
 বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এন এম এ ফারুজ বদেখেন, জ্ঞান, প্রযুক্তি ও কর্মদক্ষতায় বিশ্ব আজ অনেক দূর এগিয়ে গেছে। এগিয়ে যাওয়ার সেই সিঁড়িতে আমাদের পেছনে পড়ে থাকলে চলবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়কে গৌরবের সর্বোচ্চ শিখরে অধিষ্ঠিত করতে হবে। ভিসি এ ন্যাকো সর্বদা একাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। ভিসি গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে সিনেট চেয়ারম্যানের অভিভাষণে একথা বলেন। ভিসি ডঃ ফারুজ বদেখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিরঙ্কুশ কনভোকেশন এবং ডাকসু নির্বাচন অনুষ্ঠানের পরিকল্পনা আমাদের রয়েছে। ছাত্রছাত্রীদের সৃজনশীল প্রতিভা বিকাশের জন্য ডাকসু বিশাল ভূমিকা রাখতে পারে। ভিসি তার অভিভাষণে গত এক বছরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম গবেষণা, সেমিনার, অবকাঠামো উন্নয়ন, কম্পিউটার ও ইন্টারনেট সুবিধা এবং প্রেসের উন্নয়ন, গ্রন্থাগার উন্নয়ন, ফাউন্ডেশন, ট্রাস্ট ও একাডেমিক চেয়ার, বেলাখুলা ও সংস্কৃতিতে, বৃত্তায়ন ও পরিবেশ ব্যবস্থাপনা এবং শিক্ষকদের জন্য সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন। সিনেট অধিবেশনে রেজিস্ট্রার এজুয়েট, শিক্ষাবিদ এবং বিশিষ্ট নাগরিক থেকে মোট তিনটি সিডিকেট সদস্য পদ, ফিন্যান্স কমিটি ও ৬ সদস্যবিশিষ্ট ট্রাইবুনাল গঠনের নির্বাচন অনুষ্ঠিত হয়।